

কলাস্নাতক অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৫

(প্রথম বর্ষ, দ্বিতীয় সেমিস্টার)

সাম্মানিক বাংলা

কোর্স : এমডিসি ২.১

চলচ্চিত্র ও বাংলা সাহিত্য

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১। চলচ্চিত্র যৌথভাবে রচিত শিল্প হলেও পরিচালকের দায়িত্বকেই সত্যজিৎ মুখ্য হিসেবে চিহ্নিত করেছেন। তাঁর 'বাংলা চলচ্চিত্রের আর্টের দিক' রচনাটি স্মরণে রেখে সত্যজিতের অবস্থানটি ব্যাখ্যা করো। ১০

অথবা

২। মূল কাহিনিতে না থাকলেও 'পথের পাঁচালী' ছবিতে সত্যজিৎ সংযোজন করেছেন এমন দুটি দৃশ্য উল্লেখ করে বুঝিয়ে দাও কেন এমন সংযোজন তাঁর দরকারি মনে হয়েছিল? ছবির কোন প্রয়োজনই বা মিটিয়েছে তারা? ১০

৩। সাহিত্যকে চলচ্চিত্রে অবলম্বনের সম্ভাব্য যে পথগুলোর কথা ঋত্বিক বিবেচনা করেছেন, তোমার পঠিত প্রবন্ধ অবলম্বনে তাদের বিশ্লেষণ করো। ১০

অথবা

৪। গল্পের মতোই 'অযান্ত্রিক' ছবিতে জগদ্দল একটি চরিত্র। ছবিতে জগদ্দলের চরিত্রায়ণে ব্যবহৃত, তোমার বিবেচনায়, উল্লেখযোগ্য উপাদান, পদ্ধতি বা প্রযুক্তি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

৫। 'ভারতীয় নিউ সিনেমা' বলতে মৃগাল সেন ঠিক কী বুঝিয়েছেন লেখো এবং এর সমস্যা ও সম্ভাবনা বিষয়ে তাঁর মতামত স্পষ্ট করো। ১০

অথবা

৬। মানিক বন্দ্যোপাধ্যায়ের 'আত্মহত্যার অধিকার' গল্পটি এবং সেই গল্প অবলম্বনে নির্মিত মৃগাল সেনের ছবির আখ্যানের মধ্যে মূল পার্থক্যগুলি সংক্ষেপে লেখো। চলচ্চিত্রে এই বদলের তাৎপর্য কী বলে তোমার মনে হয়? ১০

★ ★ ★